ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

<u>স-৫৩৩</u>
সোনামুড়া, ৫ মে, ২০২৫

**নলছড় ব্লকে উন্নয়নমূলক কাজ**

গত অর্থবছরে নলছড় আরডি ব্লকের অন্তর্গত দুর্লভনারায়ণ গ্রাম পঞ্চায়েত এলাকায় বেশকিছু উন্নয়নমূলক কাজ বাস্তবায়িত হয়েছে। পঞ্চদশ অর্থ কমিশনের টাইড ফান্ডের অনুমোদিত অর্থে পঞ্চায়েত এলাকার ৭টি অঙ্গনওয়াড়ি কেন্দ্রে, ৪টি বিদ্যালয়ে, ১টি উপস্বাস্থ্য কেন্দ্রে ও ১টি স্বসহায়ক দলের কার্যালয়ে ওজন পরিমাপের যন্ত্র বিতরণ করা হয়েছে। এতে ব্যয় হয়েছে ১৯ হাজার ৯৫৭ টাকা। সাতটি অঙ্গনওয়াড়ি কেন্দ্র ও চারটি বিদ্যালয়ের ছাত্রছাত্রীদের মধ্যাহ্ন ভোজনের জন্য থালা বিতরণ করা হয়েছে। এতে ব্যয় হয়েছে এক লক্ষ টাকা। ৯৬ জন সুবিধাভোগীকে জলের ট্যাঙ্ক বিতরণ করা হয়েছে। ব্যয় হয়েছে ৫ লক্ষ ২৭ হাজার ৫২০ টাকা। ৯০ জন সুবিধাভোগীকে পানীয়জলের ফিল্টার বিতরণ করা হয়েছে। বামনিমুড়া হাইস্কুল এবং দুর্লভনারায়ণ দ্বাদশ শ্রেণি বিদ্যালয়ে জল পরিশোধক এবং ঠান্ডা পানীয়জলের জন্য দুটি ফিল্টার দেওয়া হয়েছে। এরজন্য ব্যয় হয়েছে ১ লক্ষ ৯৯ হাজার ৫৬০ টাকা। রামানন্দ অঙ্গনওয়াড়ি কেন্দ্রের শৌচাগার নির্মাণে ব্যয় হয়েছে ৬৯ হাজার ৪৯২ টাকা। এছাড়াও পঞ্চায়েত উন্নয়ন তহবিলে বিজ্ঞানসম্মত শৌচালয় নির্মাণের জন্য ১৪ জন সুবিধাভোগীকে সহায়তা করা হয়েছে। এক্ষেত্রে ব্যয় হয়েছে ৬০ হাজার ৭০৪ টাকা। ১৬ জন সুবিধাভোগীকে পশু পালনের জন্য আর্থিক সহায়তা করা হয়েছে। এক্ষেত্রে ব্যয় হয়েছে ১ লক্ষ ৬০ হাজার টাকা। পাঁচজন সুবিধাভোগীকে ক্ষুদ্র ব্যবসার জন্য আর্থিক সহায়তা প্রদান করা হয়েছে। ব্যয় হয়েছে এক লক্ষ টাকা।

********